গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
পীরগাছা, রংপুর।
www. dss.pirgacha.rangpur.gov.bd

স্মারক নং-৪১.০১.৮৫৭৩.০০০.১৬.০০১.২৫- ৯৮৬ তারিখ ঃ ১৫ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগষ্ট ২০২৬

**বিষয়ঃ সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রহর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পুন:নির্ধারণ সংক্রান্ত।**

## " নোটিশ বিজ্ঞপ্তি "

সূত্রঃ ৪১.০১.০০০০.০০০.০০৪৯.১৬.০০৬২.২৪.৬৮৩ তারিখঃ ৩০/০৭/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের ০১ আগষ্ট ২০২৬খ্রি: তারিখ হতে ৩১ আগষ্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছিল। সকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় সারাদেশে জরিপ কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ফ্যামিলি কার্ড বাস্তবায়নের নিমিত্তে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে ০১-০৮-২০২৬ খ্রিঃ থেকে ১৫-০৮-২০২৬ খ্রিঃ পর্যন্ত অনলাইনে dss.bhata.gov.bd/onlinApplication পুন:নিধারন সময়ে লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে এবং নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে। ভাতার আবেদন গ্রহণের বিষয়ে নীতিমালা মোতাবেক প্রত্যেক ইউপি চেয়ারম্যান মহোদয়কে মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**অনলাইনে আবেদন দিকনির্দেশনা ঃ**

০১। বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনকারীর বয়স পুরুষ ৬৫ বা তদুর্ধ বছর ও মহিলা ৬২ বা তদুর্ধ বছর ।
০২। বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ক্ষেত্রে অবশ্যই বিধবা ও স্বামী নিগৃহীতা হতে হবে।
০৩। অনলাইনে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে বরাদ্দ প্রাপ্তি ঘটবে। অতএব হাতে হাতে বা অন্য কোন ভাবে ভাতার কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
০৪। আবেদন করার সময় আবশ্যিকভাবে নিজস্ব/বৈধ অভিভাবকের নগদ হিসাব খোলা সাপেক্ষে একটি মোবাইল নম্বর দিয়ে আবেদন করতে হবে।
০৫। আবেদনকারীগণ আবেদনের ১ (এক) কপি নিজে সংগ্রহ করবেন, ১ (এক) কপি নিজ ইউনিয়ন পরিষদে জমা প্রদান করবেন।

**বি:দ্রঃ পুর্বে যারা ভাতার আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।**

02.08.26

উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, বেদে
অনগ্রসর জনগোষ্ঠী ভাতা কার্যক্রম বাস্তবায়ন কমিটি
পীরগাছা, রংপুর।
ফোনঃ ০২৫৮৯৯-৭৬৯২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে) ঃ
১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, পীরগাছা, রংপুর
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর।
৪। চেয়ারম্যান/প্রশাসক.......................................................ইউপি, পীরগাছা, রংপুর।
৫। জনাব/জনাবা,............................ ফিল্ডসুপারভাইজার/ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, পীরগাছা, রংপুর।
৬। অফিস কপি।

CamScanner